

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
মানব সম্পদ উন্নয়ন ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং : স্বাপকম/এইচআরএম/উপস্থিতি পরি./২৮৬/২০১২/১৭৯২


তারিখ : ২৭/০৫/২০১২ইং

বিষয়ঃ চিকিৎসকদের কর্মস্থলে অনুপস্থিত প্রসঙ্গে।

হাসপাতাল ও চিকিৎসা প্রতিষ্ঠানে চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য কার্যক্রমের সংগে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হচ্ছেঃ

১. একসাথে সর্বোচ্চ ৫ দিনের বেশী নৈমিত্তিক ছুটি প্রদান না করা (খুব সমস্যা সংকুল কেস ব্যতীত)।
২. নৈমিত্তিক ছুটির আবেদনের পর অনুমোদিত হলে কেবল ছুটিতে যাবার নির্দেশ প্রদান।
৩. একটানা ৭ কর্মদিবস এবং বিরতি দিয়ে (intermittently) অনুপস্থিত কর্মকর্তাদের বেতন বন্ধের জন্য লিখিত নিদেশ প্রদান।
৪. অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমানিত হলে, একারণে শৃঙ্খলামূলক ব্যবস্থায় যে কোন প্রকার শাস্তি প্রাপ্ত হলে স্নাতোকোত্তর কোর্স, প্রশিক্ষণ, ছুটি, টাইম স্কেল পদোন্নতি ইত্যাদি ক্ষেত্রে তিনি বিবেচিত হবেন না মর্মে তাঁদের জানিয়ে দেয়া।

উপরোক্ত বিষয়ে গৃহীত প্রদক্ষেপ মন্ত্রণালয়কে অবহিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।


(ফিরোজা সরকার)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৭৩২৪

অনুলিপিঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক ও পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪. সিভিল সার্জন -----

সদয় অবগতির জন্যঃ

১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২. উপসচিব, শৃঙ্খলা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩. উপসচিব (পার-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪. উপসচিব (পার-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. অফিস কপি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।